NOV. 25 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান নিয়োগ কমিশন গঠন করুন

## –শিক্ষক কর্মচারী ঐক্যজোট

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের ঢাকা-৮ অঞ্চলের এক সভা গত বৃহস্পতিবার সালেহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা ইসলামবাগ আশরাফ আলী উচ্চ বিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রহসনমূলক নিয়োগ বন্ধ করে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ঘোষণা অনুযায়ী বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠান নিয়োগ কমিশন গঠনের মাধ্যমে শিক্ষক নিয়োগের উপর গুরুত্ব আরোপ করেন। প্রধান সমন্বয়কারী প্রিন্সিপাল চৌধুরী শহিদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন, প্রিন্সিপাল আতিউর রহমান, চৌধুরী শহীদ হোসেন, মজিবুর রহমান মঞ্জু, ওয়াজি উল্লাহ মাস্টার, প্রিন্সিপাল মনিরুল হক, আব্দুল হালিম, মোঃ হামিদুল হক, আব্দুর রাজ্জাক, মোঃ আবদুল করিম, মোঃ মহসীন কবির ও মোঃ সাইফুদ্দীন খান। সভা পরিচালনা করেন জনাব গোলাম হোসেন সোহেল।